যুগান্তর

২৭/১০/২০০৩

তারিখ ………

পৃষ্ঠা ১৬ কলাম ৬……

# চবির আজকের সিন্ডিকেট সভা মন্ত্রণালয়ের নির্দেশে স্থগিত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রশাসনের উচ্চ পর্যায়ে ব্যাপক রদবদল অত্যাসন্ন বলে জানা গেছে। তার বহিঃপ্রকাশ হিসাবে সরকার চবি প্রশাসনের বিভিন্ন কর্মকাণ্ডে হস্তক্ষেপ করছে সরাসরি। তারই ধারাবাহিকতায় আজ শনিবারের ধার্যকৃত সিন্ডিকেট সভা গতকাল বিকালে শিক্ষা মন্ত্রণালয়ের সচিবের নির্দেশে স্থগিত করা হয়েছে। সিন্ডিকেটের নিয়মিত এ বৈঠকে শতাধিক এজেন্ডার মধ্যে অন্যতম এজেন্ডা ছিল শিক্ষক নিয়োগের ব্যাপারে

চবি : পৃষ্ঠা : ১৫ কলাম : ৫

## চবি : স্থগিত

(শেষ পৃষ্ঠার পর)

বিশেষজ্ঞ নিয়োগ। এই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত বাস্তবায়নের আগে অনেক বিভাগে নতুন শিক্ষক নিয়োগ দেয়া যাবে না।

জানা গেছে, প্রশাসনিক রদবদলের ইঙ্গিত পেয়ে সাদা দলের শীর্ষস্থানীয় শিক্ষকরা সম্ভাব্য উপাচার্য এবং উপ-উপাচার্য পদের জন্য দৌড়, লবিং শুরু করে দিয়েছেন। এরই মধ্যে অনেকে ঢাকা ঘুরে এসেছেন।

সম্ভাব্য উপাচার্যের তালিকায় আছেন সাবেক উপ-উপাচার্য প্রফেসর ড. এম বদিউল আলম, চবি শিক্ষক সমিতির সাবেক সভাপতি, সিনেট ও সিন্ডিকেট সদস্য প্রফেসর ড. ইউসুফ শরীফ আহমেদ খান, সমাজ বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. মাহবুব উল্লাহ, মার্কেটিং বিভাগের শিক্ষক প্রফেসর এ জে এম নূরুদ্দীন চৌধুরী, সিনেট ও সিন্ডিকেট সদস্য প্রফেসর ডা. আ ন ম মুনির আহমদ চৌধুরী প্রমুখ।

উপ-উপাচার্যের তালিকায় আছেন চবি শিক্ষক সমিতির সাবেক সাধারণ সম্পাদক ড. সিদ্দিক আহমেদ চৌধুরী, অর্থনীতি বিভাগের শিক্ষক ড. আবুল কালাম আজাদ, ড. আ ন ম আবদুল মোক্তাদের প্রমুখ।